# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

## ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

**বিজ্ঞপ্তি নম্বর**- রাশিবো/মাধ্য-১/পনি-৪০ তারিখ : ১৯ নভেম্বর ২০২৪

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন মঞ্জুরী/একাডেমিক স্বীকৃতি/পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ করা হবে। রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০২৫ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার Online-এ ফরম পূরণের নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার নিয়মাবলীসহ তারিখ নিম্নরুপে নির্ধারণ করা হ'ল।

**১. Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন :**

(ক) শিক্ষার্থীদের তথ্য সম্ভাব্য তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (**www.rajshahieducationboard.gov.bd**)-এ ০১/১২/২০২৪ থেকে ০৯/১২/২০২৪ তারিখ পর্যন্ত স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীর তালিকা **Print (Download)** করা যাবে এবং Online-এ কাজ করতে পারবেন। নিম্নে বর্ণিত তারিখের মধ্যে কাজ শেষ করতে হবে। ফরম পূরণ বাবদ ফি, সচিব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী- এর হিসাব নম্বর SND – ৩৬০০০০৬৮ সোনালী ব্যাংক লিমিটেড, গ্রেটার রোড শাখা, রাজশাহী বরাবর সোনালী ব্যাংকের সোনালী সেবার (সংশ্লিষ্ট শাখার অফিসারের নামযুক্ত সীল ও স্বাক্ষরসহ) মাধ্যমে প্রদান করতে হবে। উক্ত মূল রশিদ এর সাথে অনিয়মিত পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র, Student statistics and payment statement, স্বাক্ষরযুক্ত এক সেট প্রিন্টকপি ও রশিদ এর ফটোকপি এবং Student statistics and payment statement স্ব-স্ব কেন্দ্রে জমা দিতে হবে এবং এক সেট অফিসে সংরক্ষণ করতে হবে (কোন অবস্থাতে Other/অন্যান্য খাতে টাকা জমা দেয়া যাবে না, শুধুমাত্র ফরমপূরণ অপসন থেকে সোনালী সেবার স্লিপ তৈরী করতে হবে)।

(খ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন ও সীল দিবেন। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

**২. ২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য User ID হবে প্রতিষ্ঠানের EIIN এবং নিবন্ধনের সময় সরবরাহকৃত প্রথম Password ফরম পূরণের Password হিসেবে ব্যবহার করতে হবে।**

**৩. সোনালী সেবার রশিদ ও পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপি এবং অন্যান্য কাগজপত্র জমাদানের বিবরণ :**

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | ১. রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য ২০২৪ সালের পরীক্ষার্থীদের ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে।<br>২. রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৩ (তিন) বিষয়ে অকৃতকার্য/ ০১ (এক) থেকে ০২ (দুই) বিষয়ে অনুপস্থিত ২০২৪ সালের পরীক্ষার্থীদের ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে বা সকল বিষয়ে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে।<br>৩. ২০২৪ সালের পরীক্ষায় সকল বিষয়ে ফরম পূরণ করে, ৩(তিন) বিষয়ে অনুপস্থিত হয় তাদের সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে তবে আংশিক বিষয়ে ফরম পূরণ করে অনুপস্থিত থাকলে পূর্বের আংশিক বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে। | ২১/১১/২০২৪ |
| (খ) | যে সকল পরীক্ষার্থী (শিক্ষাবর্ষ ২০২০-২০২১) ৪র্থ বিষয় বাদে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে তারা ২০০.০০ (দুইশত) টাকা ফরম পূরণের টাকার সাথে জমা দিয়ে কেবলমাত্র ১(এক) বছরের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। | ১৪/১২/২০২৪ |
| (গ) | নির্বাচনি (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের তারিখ | ২৭/১১/২০২৪ |
| (ঘ) | Online-এ ফরমপূরণ (বিলম্ব ফি ছাড়া) | ০১/১২/২০২৪ থেকে ০৯/১২/২০২৪ |

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ঙ) | সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ। | ১০/১২/২০২৪ |
| (চ) | বিলম্ব ফি সহ Online-এ ফরমপূরণ | ১১/১২/২০২৪ থেকে ১৪/১২/২০২৪ |
| (ছ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০(একশত) টাকা হারে বিলম্ব ফিসহ Online-এ ফি জমা দেওয়ার শেষ তারিখ | ১৫/১২/২০২৪ |
| (জ) | **পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত চূড়ান্ত প্রিন্ট আউট কপি, ফি জমা দেয়ার সোনালী সেবার রশিদ এবং অন্যান্য কাগজপত্র ০১(এক) সেট মাধ্যমিক পরীক্ষা শাখা ও হিসাব আয় শাখায় জমা দিতে হবে।** | ২২/১২/২০২৪ |

৪. **পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :**

(ক) **নিয়মিত পরীক্ষার্থী :**

কেবলমাত্র ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনধারী শিক্ষার্থী ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(খ) **অনিয়মিত পরীক্ষার্থী :**

১) ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২৩ এবং ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২) ২০২৩ ও ২০২৪ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় আংশিক বিষয়ে অকৃতকার্য কিন্তু নিবন্ধনের মেয়াদ আছে তারা উক্ত অকৃতকার্য বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩) যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়ে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় উক্ত ১ থেকে ৪ বিষয়ে (ঐচ্ছিক বিষয় ছাড়া) অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৪) যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে (ঐচ্ছিক বিষয় ছাড়া) অকৃতকার্য হয়ে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় পুনরায় ঐ ১ থেকে ৪ বিষয়ে পরীক্ষা দিয়ে আংশিক বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হয়েছে অথবা অনুপস্থিত থেকেছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অবশিষ্ট বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫) যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ অথচ ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ে অকৃতকার্য হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলেও তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় উক্ত ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ে আংশিক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে না।

৬) যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়েছে, ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় ঐ ১ থেকে ৪ বিষয়ে অংশগ্রহণকালে বহিষ্কৃত বা রিপোর্টেড, শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক কেবলমাত্র ২০২৪ সালের পরীক্ষা বাতিল, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। **রেজিস্ট্রেশনের মেয়াদ না থাকলে নবায়ন করা যাবে না।**

৫. **জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী :**

(ক) কেবলমাত্র ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ এর কম প্রাপ্ত পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়নের জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৫ সালের জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদের সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে **(আংশিক বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থী কোনক্রমেই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না)**। ২০২৫ সালের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন না হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদ সরবরাহ করা হবে না। পরীক্ষার্থীদের নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে তালিকাভূক্ত হয়ে ফিসহ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোনক্রমেই তারা পূর্বে গৃহীত বিষয় পরিবর্তন করতে পারবে না এবং তাদেরকে পূর্বের রেজিষ্ট্রেশন নম্বর ব্যবহার করতে হবে। ২০২৪ সালের এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপিসহ ০১(এক) সেট প্রিন্ট কপির সাথে দাখিল করতে হবে। **জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রবেশপত্র বোর্ডের কোথাও জমা দিতে হবে না।**

৬. পাঠ্যসূচি :

(ক) ২০২০-২০২১(নবায়নকৃত), ২০২১-২০২২, ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) ২০২৫ সালের এসএসসি পরীক্ষার পূর্ণাঙ্গ সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) ২০২১-২০২২, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবেন। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে Online-এ প্রেরণ করবেন।

৭. **নির্বাচনি পরীক্ষা :**

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য। নির্বাচনি পরীক্ষায় এক বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীদের পুনরায় নির্বাচনি পরীক্ষার সুযোগ দেয়া যেতে পারে।

৮. **প্রতিষ্ঠান পরিবর্তন :**

কোনক্রমেই এক প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতার বদলীজনিত কারণে নিয়মিত শিক্ষার্থী নিয়মানুযায়ী বৈধ ছাড়পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে প্রতিষ্ঠান পরিবর্তনের প্রামাণ্য কাগজপত্র (যথা: বৈধ বদলীর তালিকা, ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি এবং অত্র বোর্ডের নিবন্ধন কার্ডের সত্যায়িত ফটোকপিসহ) কেন্দ্রে কাগজপত্রের সাথে জমা দিতে হবে। **ডিটেন্ড এবং অকৃতকার্য পরীক্ষার্থী কোনক্রমেই ছাড়পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান পরিবর্তন করতে পারবে না।**

৯. **প্রতিবন্ধি স্ক্রাইব (শ্রুতিলেখক) নিয়োগ ও সময় বৃদ্ধি :**

বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধ প্রতিবন্ধি, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধি এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধি পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতিলেখক) স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠানের ২০২৫ সালের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীর স্ক্রাইব (শ্রুতিলেখক) পূর্ণ বিবরণ ও অভিভাবকের সম্মতি ও উভয়ের ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোসহ দরখাস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য বোর্ডে পৌছাতে হবে। স্ক্রাইব (শ্রুতিলেখক)পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত সময়ের পরে অতিরিক্ত ২০ (কুড়ি) মিনিট সময় বৃদ্ধি করা যাবে। অন্ধ প্রতিবন্ধি, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধি পরীক্ষার্থীর ক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর ও সিভিল সার্জন-এর সার্টিফিকেট দিতে হবে এবং এ ধরনের পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত সময়ের পরে অতিরিক্ত ৩০ (ত্রিশ) মিনিট সময় বৃদ্ধি করা যাবে।

১০. **প্রাইভেট পরীক্ষা সংক্রান্ত :**

এসএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের কোন বিধান/সুযোগ নেই।

**১১. এসএসসি ২০২৫ পরীক্ষার ফি-এর হার :**

| পরীক্ষার্থীর বিবরণ | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | রিটেনশন ফি(প্রতি পরীক্ষার্থী) (ডিটেন্ড ও অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য) | অনুমতি ও তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | বয়স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি(প্রতি পরীক্ষার্থী) | রেজিঃ নবায়ন ফি(২০২০-২০২১) শিক্ষাবর্ষের রেজিঃ ধারী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য) | ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতিষ্ঠান প্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত/ডিটেন্ড পরীক্ষার্থী | ১১০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | ১০০.০০ | ---- | ২৫.০০ | ৫.০০ | | |
| অনিয়মিত পরীক্ষার্থী (১ হতে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ) | ১১০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ---- | ১০০.০০ | ---- | ২৫.০০ | ৫.০০ | ২০০.০০ | ৩০০.০০ |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | ---- | ১০০.০০ | ২৫.০০ | ৫.০০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪), পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এ ক্ষেত্রে পরীক্ষার ফি- ৩০.০০ (ত্রিশ) টাকা হবে [**যার বিভাজন:** কেন্দ্র- ৭.০০ (সাত) টাকা, সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক (অভ্যন্তরিন- ৫.০০ ও বহিরাগত- ৫.০০)= ১০.০০ (দশ) টাকা, প্রতিষ্ঠান- ০৮.০০ (আট) টাকা এবং বোর্ডের অংশ- ৫.০০ (পাঁচ) টাকা]।

১২. **অন্যান্য ফি-এর হার :**

(ক) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী (যার জন্য প্রযোজ্য) ১০০.০০ (একশত) টাকা

(খ) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী (যার জন্য প্রযোজ্য) ২০০.০০ (দুইশত) টাকা

(গ) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন পরীক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না।

(ঘ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত ফি কোনভাবেই আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

১৩. কেন্দ্র ফি (সংশ্লিষ্ট কেন্দ্রের সচিবকে দিতে হবে) :

(ক) সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (পরীক্ষার্থী প্রতি) ৪৮৫.০০ (চারশত পঁচাশি) টাকা

(খ) সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (পরীক্ষার্থী প্রতি) ৫১৫.০০ (পাঁচশত পনের) টাকা

**১৪.প্রতিপত্র ব্যবহারিক পরীক্ষার ফি ৪০.০০(চল্লিশ) টাকা এবং এর বিভাজন: ৩০.০০(ত্রিশ) টাকা বোর্ড তহবিলে এবং ১০.০০ (দশ) টাকা কেন্দ্র সচিবকে দিতে হবে।** ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষাঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীন পরীক্ষককে উত্তরপত্র প্রতি ৫.০০(পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ৫.০০(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন।

**১৫. বহিষ্কৃত পরীক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয় :**

বহিষ্কৃত পরীক্ষার্থী যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ আছে তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**১৬. রেজিস্ট্রেশন নবায়ন পদ্ধতি:**

যে সকল পরীক্ষার্থীর ২০২৪ সালে নিবন্ধনের মেয়াদ শেষ হয়েছে কিন্তু এক বিষয়ে পাস করতে বাকি আছে সে সকল পরীক্ষার্থীর নিবন্ধনের মেয়াদ কেবলমাত্র **১** (এক) বছরের জন্য **(বয়স থাকা সাপেক্ষে)** নবায়ন করে ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষায় উক্ত এক বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২৫ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে। নিবন্ধন সংক্রান্ত ফি ফরমপূরণের ফি এর সংঙ্গে প্রদান করতে হবে। মেয়াদ উত্তীর্ণ রেজিস্ট্রেশন কার্ড নবায়নের জন্য আবেদনপত্র এক প্রস্থ যেমন মূল রেজিস্ট্রেশন কার্ড, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রবেশপত্রের ফটোকপি ও টেবুলেশন শীটের সত্যায়িত ফটোকপি এবং সোনালী সেবার রশিদের ফটোকপি সংযুক্ত করে মাধ্যমিক পরীক্ষা শাখায় (কক্ষ নম্বর-১২১৪) জমা দিয়ে ১৪/১২/২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করতে হবে।

**'ছক'**

| পূর্ববর্তী পরীক্ষার সাল ও রোল নম্বর | পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম | রেজিস্ট্রেশন নম্বর ও শিক্ষাবর্ষ | যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজিস্ট্রেশনকৃত তার নাম | অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

**১৭. পরীক্ষার মাধ্যম :**

বাংলা/ইংরেজি ভার্সণ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সণ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা সহ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) এর নিকট হাতে হাতে **১৫/১২/২০২৪** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সণ পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন। উল্লেখ্য ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান আবেদন জমা দিয়েছে তাদের আর আবেদন করার প্রয়োজন নাই।

**'ছক'**

| ক্রমিক নং | বিষয়ের নাম | বিষয় কোড | সেশন | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

১৮. বিশেষ পরামর্শ:

(ক) রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় ছাড়া অন্য বিষয়ে ফরম পূরণ করা যাবে না। নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে বিষয়, শিক্ষার্থীর নাম, মাতা-পিতার নাম ভুল হলে নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশোধন করতে হবে। প্রবেশপত্র ইস্যু হওয়ার পর পরীক্ষা চলাকালীন পর্যন্ত শিক্ষার্থী প্রতি ৫০০.০০ (পাঁচশত) টাকা ফি প্রদানপূর্বক প্রবেশপত্র সংশোধন করা যাবে। ফল প্রকাশের পরে প্রবেশপত্রের বিষয় সংশোধন করতে শিক্ষার্থী প্রতি ২০০০.০০ (দুই হাজার) টাকা ফি প্রদান করতে হবে। ৩ (তিন) মাস পরে এ সংক্রান্ত কোন বিষয় বিবেচনা করা হবে না।

(খ) উল্লিখিত সময়সূচি অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। একই সঙ্গে পরীক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষায় কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা হবে। প্রশ্নপত্রে গতানুগতিক ধারার পরিবর্তন আনা হবে। কোন টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ইত্যাদি থেকে হুবহু প্রশ্ন উদ্ধৃত করা হবে না। গণিতের প্রশ্নের সংখ্যায় বা অন্য কোন বিষয়ের প্রশ্নপত্রে গাণিতিক সংখ্যা টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ইত্যাদি থেকে হুবহু উদ্ধৃত করা হবে না। শিক্ষার্থীদের মেধা ও পঠিত বিষয় সমূহের আলোকে অর্জিত জ্ঞান যাচাইয়ের লক্ষ্যে প্রশ্নের ধরণ, ভাষা ও গাণিতিক সংখ্যার গুণগত পরিবর্তন আনা হবে। পরিবর্তিত প্রেক্ষাপটে ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত সকল শ্রেণীতে সমগ্র পাঠ্যসূচির উপর পাঠদান ও অভ্যন্তরীণ পরীক্ষায় সৃজনশীল/বিশ্লেষণধর্মী প্রশ্নপত্র প্রণয়নে যত্নবান হওয়ার লক্ষ্যে এবং ফলাফল প্রকাশে গ্রেডিং পদ্ধতি অবলম্বনের জন্য প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকমন্ডলীকে অনুরোধ করা হ'ল।

১৭/১১/২০২৪

প্রফেসর মো. আরিফুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন # ০২৫৮৮৮৫৬২৩১

স্মারক নম্বর- রাশিবো/মাধ্য-১/পনি-০৯/১০১৫(৪০০০) তারিখ : ১৯ নভেম্বর ২০২৪

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. ডি.আই.জি, রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী
৫. পুলিশ কমিশনার, আর.এম.পি, রাজশাহী
৬. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৭. পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৮. ইঞ্জিনিয়ার ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, রাজশাহী
৯. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১০. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১১. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর সকল কর্মকর্তা
১২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড
১৩. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৫. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
১৬. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গ্রেটার রোড শাখা, রাজশাহী
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৮. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ
১৯. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
২০. চেয়ারম্যান মহোদয়ের একান্তসচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২১. নিরাপত্তা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২২. গার্ড ফাইল
২৩. অফিস নথি

মো. মুঞ্জুর রহমান খান
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন # ০২৫৮৮৮৫৫৮৫১